প্রথম আলো

SEP 06 2006
তারিখ
পৃষ্ঠা ৫ কলাম ৫

# পার্বত্য বেসরকারি শিক্ষক-কর্মচারীরা পাহাড়ি ভাতার দাবিতে আন্দোলনে

নিজস্ব প্রতিবেদক, *রাঙামাটি*

তিন পার্বত্য জেলার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় তিন হাজার শিক্ষক-কর্মচারী পাহাড়ি ভাতার দাবিতে আজ বুধবার থেকে শিক্ষামন্ত্রীর বাসভবন ঘেরাও, প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশসহ সাত দফা কর্মসূচি ঘোষণা করেছেন। গত সোমবার রাঙামাটি জেলা স্কাউট ভবনে আয়োজিত এক যৌথ সভায় এ কর্মসূচি ঘোষণা করা হয়।

বাঘাইছড়ি উপজেলার সারোয়াতলী উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক লক্ষ্মী কুমার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষকেরা অভিযোগ করেন, রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীরা পাহাড়ি ভাতা পেলেও বেসরকারি শিক্ষক-কর্মচারীরা তা পান না। দীর্ঘদিন ধরে আশ্বাস দেওয়া হলেও কোনো সরকার তা বাস্তবায়ন করেনি।

তিন পার্বত্য জেলার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে আজ বুধবার চট্টগ্রামে সংবাদ সম্মেলন, বৃহস্পতিবার প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানে কালো

ছাড়া ১০ সেপ্টেম্বর উপজেলা পর্যায়ে সমা
ও মিছিল এবং নির্বাহী কর্মকর্তার মাধ
প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ,
সেপ্টেম্বর জেলা পর্যায়ে মিছিল সমাবেশ
জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বর
স্মারকলিপি পেশ, ১৫ সেপ্টেম্বর সংশ্লিষ্ট জে
সংসদ সদস্যের মাধ্যমে শিক্ষামন্ত্রী ও প্রধান
বরাবর স্মারকলিপি পেশ, ২০ সেপ্টেম্বর 
প্রশাসন চত্বরে অবস্থান ধর্মঘট এবং
সেপ্টেম্বর ঢাকায় শিক্ষামন্ত্রীর সরকারি বাস
ঘেরাও ও অবস্থান ধর্মঘট।

গত সোমবার বাংলাদেশ শিক্ষক স
রাঙামাটি জেলা শাখার সভাপতি মো. মাঈনু
ভূঁইয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে উ
করা হয়, দাবি মানা না হলে পরবর্তী স
আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।
বিজ্ঞপ্তিতে আন্দোলন পরিচালনার ল
রাঙামাটি মুজাদ্দেদ-ই-আলফেসানী একাডে
অধ্যক্ষ নুরুল আমীন পাটোয়ারীকে সমন্বয়ক
মো. মাঈনুদ্দিন ভূঁইয়াকে যুগ্ম সমন্বয়কারী
শিবলী শান্তি চাকমাকে সদস্যসচিব করে
সদস্যের 'বৃহত্তর পার্বত্য জেলা শিক্ষক-কর্মচ
পাহাড়ি ভাতা সংগ্রাম কমিটি' গঠন করা হয়ে